

সংযুক্তি-১

স্নাতক শ্রেণিতে ভর্তির তথ্যাবলী

শিক্ষাবর্ষ: ২০১৬ - ২০১৭



বাংলাদেশ প্রকাশন বিশ্ববিদ্যালয়
ঢাকা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের বিভিন্ন বিভাগে স্নাতক শ্রেণিতে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল ছাত্র-ছাত্রী

২০১৩ বা ২০১৪ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৬ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে,

অথবা

২০১৩ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৫ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষার সংশোধিত ফলাফল ০৯ সেপ্টেম্বর ২০১৫ তারিখের পরে শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত হয়েছে,

অথবা

২০১২ সালের নভেম্বর বা তার পরে GCE “O” লেভেল এবং ২০১৫ সালের নভেম্বর বা তার পরে GCE “A” লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত হয়েছে,

অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে শুধুমাত্র তারাই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে।

যে সকল ছাত্র-ছাত্রী ইতিপূর্বে এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে অথবা যোগ্যতা অর্জন করেছে তারা এই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

[ক] প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ করতে হবে।

প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, ইংরেজি ও বাংলা বিষয় পাঁচটির মোট জিপি ন্যূনতম ২৪.০০ পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ করতে হবে।

সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে নিম্নে উল্লেখিত নির্ধারিত নম্বরের ভিত্তিতে বাছাই করে ১ম থেকে ৯০০০তম পর্যন্ত সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। এই বাছাইয়ের জন্য যথাক্রমে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন বিষয় তিনটিতে প্রাপ্ত মোট নম্বর, গণিতে প্রাপ্ত নম্বর এবং পদার্থবিজ্ঞানে প্রাপ্ত নম্বরকে অগ্রাধিকারের ক্রম হিসাবে বিবেচনা করা হবে।

[খ] GCE “O” লেভেল এবং GCE “A” লেভেল পাশ করা প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE “O” লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয় (গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিসহ) এর প্রতিটিতে কমপক্ষে B গ্রেড এবং GCE “A” লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন এই তিন বিষয়ের প্রতিটিতে কমপক্ষে A গ্রেড পেয়ে পাশ করতে হবে।

ন্যূনতম যোগ্যতা পূরণসাপেক্ষে GCE “O” লেভেল এবং GCE “A” লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

[গ] ন্যূনতম যোগ্যতা পূরণসাপেক্ষে ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.buet.ac.bd) -এ প্রকাশ করা হবে।

২। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী

[ক] বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের বিভিন্ন বিভাগের জন্য নিম্নলিখিত দুটি গ্রুপে একই দিনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ্রুপ “ক”: ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ

গ্রুপ “খ”: ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ

ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপ:

বিভাগ	বিষয়	পাঠ্যসূচী
গ্রুপ “ক”: ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন	২০১৬ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী
গ্রুপ “খ”: ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়ন মুক্তহস্ত অংকন (Free- hand Drawing)	২০১৬ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী --

[খ] “ক” গ্রুপের জন্য মোট ৬০০ নম্বরের এবং “খ” গ্রুপের জন্য মোট ১০০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলো:

মডিউল	গ্রুপ “ক”	গ্রুপ “খ”	পূর্ণমান
A	গণিত	গণিত	২০০
	পদার্থবিজ্ঞান	পদার্থবিজ্ঞান	২০০
	রসায়ন	রসায়ন	২০০
B	--	মুক্তহস্ত অংকন	৪০০

বিশেষ দ্রষ্টব্য

- মডিউল A এবং মডিউল B এর প্রতিটি বিষয়ের সকল প্রশ্ন ও মূল্যায়ন প্রচলিত পদ্ধতিতে করা হবে। কোন বিষয়ে MCQ Type প্রশ্ন থাকবে না।
- ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র কলম, পেন্সিল, ইরেজার, পেন্সিল শার্পনার ও পরিশিষ্ট-ক অনুসারে অনুমোদিত ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
- মোবাইল ফোন ও ওয়াচ ফোনসহ যে কোন প্রকার ইলেক্ট্রনিক যন্ত্র, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট-স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ পরীক্ষা কক্ষে নিয়ে আসা যাবে না।

৩। ভর্তির সর্বনিম্ন যোগ্যতা

কেবলমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৯৭২ টি আসন (৩টি সংরক্ষিত আসন বাদে) এবং স্থাপত্য বিভাগের জন্য মোট ৫৪টি আসন (১টি সংরক্ষিত আসন বাদে) নির্ধারিত আছে।

(ক) ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধামান নির্ধারণ করা হবে। একাধিক প্রার্থী একই মোট নম্বর পেলে ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধামান নির্ণয় করা হবে। এরপরও একাধিক প্রার্থী উল্লেখিত বিষয়গুলোর প্রতিটিতে একই নম্বর পেলে তাদের সকলকে একই মেধামান প্রদান করা হবে এবং উক্ত মেধামানে থাকা প্রার্থী সংখ্যা হতে এক বাদ দিয়ে বাকী সংখ্যক ক্রম অতিক্রম করে পরবর্তী মেধামান প্রদান করা হবে। মেধামান ৯৭২ এর পরে নয় এমন সকল প্রার্থীকে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

উল্লেখ্য যে, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির যোগ্যতা অর্জনের জন্য প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে ন্যূনতম জিপি ৪.০০ পেতে হবে, অথবা GCE 'A' লেভেল পরীক্ষায় জীববিজ্ঞান বিষয়ে ন্যূনতম B গ্রেড পেয়ে পাশ করতে হবে।

(খ) স্থাপত্য বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধামান নির্ধারণ করা হবে। একাধিক প্রার্থী একই মোট নম্বর পেলে ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অংকন, গণিত, পদার্থবিজ্ঞান ও রসায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধামান নির্ণয় করা হবে। এরপরও একাধিক প্রার্থী উল্লেখিত বিষয়গুলোর প্রতিটিতে একই নম্বর পেলে তাদের সকলকে একই মেধামান প্রদান করা হবে এবং উক্ত মেধামানে থাকা প্রার্থী সংখ্যা হতে এক বাদ দিয়ে বাকী সংখ্যক ক্রম অতিক্রম করে পরবর্তী মেধামান প্রদান করা হবে। মেধামান ৫৪ এর পরে নয় এমন সকল

প্রার্থীকে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। উল্লেখ্য যে, স্থাপত্য বিভাগে ভর্তির যোগ্যতা অর্জনের জন্য প্রার্থীকে মুক্তহস্ত অংকনে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

(গ) অপেক্ষমান তালিকায় থাকা প্রার্থীদের ক্ষেত্রেও উপরোক্ত পদ্ধতি অনুসরণ করা হবে।

(ঘ) ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের বিভাগ বন্টনের ক্ষেত্রে উপরোক্ত পদ্ধতি অনুসরণ করার জন্য কোন বিভাগে নির্ধারিত আসনের অতিরিক্ত আসন প্রয়োজন হলে তা বিবেচনা করা হবে।

৪। আসন সংখ্যা

প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল অনুষদসমূহে ৪ বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী, স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী এবং স্থাপত্য বিভাগে ৫ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীর জন্য সর্বমোট আসন সংখ্যা ১০৩০ টি। আসনসমূহ নিম্নের তালিকা অনুযায়ী বিভক্ত হবেঃ

অনুষদ / বিভাগ	বর্তমান আসন সংখ্যা
প্রকৌশল অনুষদ	
[১] কেমিকৌশল বিভাগ (Department of Chemical Engineering)	৬০
[২] বস্তু ও ধাতব কৌশল বিভাগ (Department of Materials and Metallurgical Engineering)	৫০
পুরকৌশল অনুষদ	
[১] পুরকৌশল বিভাগ (Department of Civil Engineering)	১৯৫
[২] পানিসম্পদ কৌশল বিভাগ (Department of Water Resources Engineering)	৩০
যন্ত্রকৌশল অনুষদ	
[১] যন্ত্রকৌশল বিভাগ (Department of Mechanical Engineering)	১৮০
[২] নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগ (Department of Naval Architecture and Marine Engineering)	৫৫
[৩] ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ (Department of Industrial and Production Engineering)	৩০
তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল অনুষদ	
[১] তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ (Department of Electrical and Electronic Engineering)	১৯৫
[২] কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (Department of Computer Science and Engineering)	১২০
[৩] বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগ (Department of Biomedical Engineering)	৩০
স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ	
[১] স্থাপত্য বিভাগ (Department of Architecture)	৫৫
[২] নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ (Department of Urban and Regional Planning)	৩০
মোট	১০৩০

ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য উপরোক্ত ১০৩০ টি আসনের মধ্যে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টিসহ সর্বমোট ৪টি আসন সংরক্ষিত থাকবে।

৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি টেলিটক প্রি-পেইড মোবাইল দিয়ে SMS-এর মাধ্যমে প্রদানযোগ্য হবে। কোন ছাপানো ফরম বিক্রয় করা হবে না এবং SMS ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন ফি গ্রহণযোগ্য হবে না।

পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য নিম্নলিখিত step সমূহ অনুসরণ করতে হবে :

Step 1: অনলাইনে আবেদন ফরম পূরণ

এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.buet.ac.bd)-এর মাধ্যমে প্রথমে আবেদনের ফরম যথাযথভাবে পূরণ করতে হবে এবং আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (আনুমানিক 300 x 350 pixel ও সর্বোচ্চ 75 KB সাইজের) এবং স্বাক্ষর (স্ক্যানকৃত বা ছবি নেয়া, আনুমানিক 300 x 80 pixel ও সর্বোচ্চ 20 KB সাইজের) আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষর উভয়টিই JPG format-এ হওয়া বাঞ্ছনীয়। এই ছবিটির উপর কোন প্রকার লেখা বা সত্যায়ন করা যাবে না। ছবি ও স্বাক্ষরের ক্ষেত্রে কোন ধরণের অস্পষ্টতা বা বিকৃতি গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ও স্বাক্ষর ভর্তি পরীক্ষার হলে মিলিয়ে দেখা হবে।

আবেদন ফরমের সকল প্রয়োজনীয় তথ্য পূরণ করে "Preview" button-এ ক্লিক করলে ছবি ও স্বাক্ষরসহ পূরণকৃত ফরমটি "Preview of Application" page-এ দেখা যাবে। এ অবস্থায় কোন তথ্য সংশোধন করার প্রয়োজন হলে "Update" button-এ ক্লিক করে edit করা যাবে।

উপরোক্ত "Preview of Application" page-এ সকল তথ্য, ছবি ও স্বাক্ষর সঠিক হলে "Submit" button ক্লিক করে আবেদনটি চূড়ান্তভাবে submit করতে হবে।

আবেদনটি সঠিকভাবে submission হলে একটি "Confirmation Page" পাওয়া যাবে যাতে একটি ৫ অংকের Application Serial No. সহ প্রয়োজনীয় নির্দেশনা থাকবে। এই page-এর নীচে অবস্থিত "Download Receipt of Application" button-টি ক্লিক করলে অনলাইনে পূরণকৃত আবেদনের "Receipt of Application"-এর PDF version টি স্বয়ংক্রিয়ভাবে তৈরী হয়ে যাবে যা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

কোন কোন আবেদনকারীর ক্ষেত্রে ভর্তির আবেদনপত্রে ও "Receipt of Application"-এ নিম্নলিখিত কারণে **E, T, S** বা **R** চিহ্ন প্রদান করা হবে।

- E:** GCE "O" লেভেল / GCE "A" লেভেল উত্তীর্ণ এবং বিদেশী শিক্ষাবোর্ড হতে উত্তীর্ণ আবেদনকারী।
- T:** ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত আবেদনকারী।
- S:** আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য ও বোর্ড হতে প্রাপ্ত তথ্য-এর অমিল হলে অথবা আবেদনকারীর তথ্য বোর্ড হতে প্রাপ্ত না হলে।
- R:** ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত আবেদনকারীর ক্ষেত্রে আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্য ও বোর্ড হতে প্রাপ্ত তথ্য-এর অমিল হলে অথবা আবেদনকারীর তথ্য বোর্ড হতে প্রাপ্ত না হলে।

উপরোক্ত **E, T, S** বা **R** চিহ্নযুক্ত "Receipt of Application"-এর সাথে পূরণকৃত আবেদনের ফরমটির একটি PDF version-ও তৈরী হয়ে যাবে যা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। এ সংক্রান্ত পরবর্তী করণীয় Step 4-এ বর্ণনা করা হয়েছে।

Step 2: SMS-এর মাধ্যমে আবেদন ফি প্রদান

নিম্নের ছকে বর্ণিত গ্রুপ অনুযায়ী আবেদন ফি টেলিটক প্রি-পেইড মোবাইল দিয়ে SMS-এর মাধ্যমে প্রদান করতে হবে।

গ্রুপ	বিভাগ	আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি
“ক”	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৳ ৬০০/- (টাকা ছয়শত মাত্র)
“খ”	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	৳ ৭০০/- (টাকা সাতশত মাত্র)

SMS করার জন্য নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

টেলিটক প্রি-পেইড মোবাইলে SMS অপশনে গিয়ে BUET<Space>Application Serial No. টাইপ করে 16222 নম্বরে SMS করতে হবে। উদাহরণঃ

BUET 99999

এখানে 99999-এর জায়গায় আবেদনকারীর ৫ অংকের Application Serial No. টি প্রদান করতে হবে।

উপরের SMS টি সঠিকভাবে প্রেরণ করা হলে ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, আবেদন ফি ও একটি ৮ অংকের PIN জানিয়ে আবেদন ফি প্রদান করার সম্মতি চাওয়া হবে। ফিরতি SMS টি একই সাথে টেলিটকের সংশ্লিষ্ট মোবাইল এবং আবেদন ফরমে উল্লেখিত আবেদনকারীর মোবাইল নম্বরেও পাঠানো হবে।

সম্মতি জানানোর জন্য BUET<space>YES<space>PIN টাইপ করে 16222 নম্বরে আরো একটি SMS করতে হবে। উদাহরণঃ

BUET YES 88888888

এখানে 88888888-এর জায়গায় আবেদনকারীর PIN টি প্রদান করতে হবে।

আবেদনকারীর মোবাইলে প্রয়োজনীয় টাকা থাকলে তা থেকে নির্দিষ্ট আবেদন ফি কেটে নিয়ে একটি Confirmation SMS-এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে।

Step 3: Money Receipt সংগ্রহ

একজন আবেদনকারী সঠিকভাবে আবেদন ফি SMS-এর মাধ্যমে প্রদান করলে এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে "Download Money Receipt" লিংকে ক্লিক করে টাকা গ্রহণের রশিদের PDF version ডাউনলোড করে প্রিন্ট নিতে পারবে।

Step 4: শুধুমাত্র E, T, S বা R চিহ্নিত আবেদনকারীদের জন্য প্রয়োজনীয় দলিলাদি জমা প্রদান

উপরের Step 1-এ বর্ণিত যে সকল আবেদনকারীর "Receipt of Application"-এ E, T, S বা R চিহ্ন থাকবে তাদেরকে অবশ্যই অনলাইনে পূরণকৃত ফরমের PDF version টি ডাউনলোড করে A4 সাইজের ৮০ গ্রাম (gsm) সাদা অফসেট কাগজের এক পিঠে প্রিন্ট (তিন পৃষ্ঠা) নিতে হবে। এই তিন পৃষ্ঠার প্রথম দুই পৃষ্ঠা হলো অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ও তৃতীয় পৃষ্ঠাটি হলো "Receipt of Application"।

প্রিন্টকৃত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবে এবং তা রেজিস্ট্রার অফিসে নির্ধারিত তারিখের মধ্যে সরাসরি জমা দিতে হবে। ডাকযোগে/কুরিয়ারে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

[ক] মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার সনদপত্র -এর সত্যায়িত কপি

- [খ] মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার গ্রেডশীট-এর সত্যায়িত কপি
- [গ] উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলিম অথবা সমমানের পরীক্ষার গ্রেডশীট-এর সত্যায়িত কপি
গ্রেডশীট-এর পরিবর্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ট্যাবুলেশন শীটের কপিও গ্রহণযোগ্য হবে।
- [ঘ] প্রিন্টকৃত "Money Receipt"
- [ঙ] প্রিন্টকৃত "Receipt of Application"
- [চ] ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের বাংলাদেশের নাগরিকত্ব এবং ক্ষুদ্র জাতি গোষ্ঠীত্বের প্রমাণস্বরূপ স্থানীয় ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান এবং স্ব-স্ব ক্ষুদ্র জাতি গোষ্ঠীর মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান এর নিকট হতে সার্টিফিকেট দাখিল করতে হবে।

Step 5: Admit Card সংগ্রহ

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর যোগ্য আবেদনকারীকে এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে "Download Admit Card" লিংকে ক্লিক করে ভর্তি পরীক্ষার Admit Card এর PDF version টি ডাউনলোড করে A4 সাইজের সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। **Admit Card ব্যতীত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

বিশেষ দ্রষ্টব্য:

- **E, T, S** বা **R** চিহ্নিত আবেদনকারীদের ক্ষেত্রে অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্টকৃত কপি, সকল প্রয়োজনীয় দলিলাদিসহ সম্পূর্ণ আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে সরাসরি জমা না দিলে শুধুমাত্র অনলাইনে submission গ্রহণযোগ্য হবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রের বিবরণ ভুল বা অসত্য প্রমাণিত হলেও প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনের ফরম অনলাইনে পূরণ সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় যোগাযোগ করা যেতে পারে এবং প্রয়োজনে email করা যেতে পারে: ugadmission@buet.ac.bd

৬। আবেদনপত্র গ্রহণ, ভর্তি পরীক্ষা, বিভাগের অপশন গ্রহণ ইত্যাদির তারিখ ও সময়সূচী

১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শুরু	১৫ সেপ্টেম্বর, ২০১৬, বৃহস্পতিবার সকাল ১০:০০ টা		
২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শেষ	২৪ সেপ্টেম্বর, ২০১৬, শনিবার বিকাল ৪:৩০ মিনিট		
৩। SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান শেষ	২৫ সেপ্টেম্বর, ২০১৬, রবিবার বিকাল ৪:৩০ মিনিট		
৪। E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সরাসরি রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় জমা দেয়া	১৫ সেপ্টেম্বর, ২০১৬, বৃহস্পতিবার হতে ২৫ সেপ্টেম্বর, ২০১৬, রবিবার পর্যন্ত (শুক্রবার ব্যতীত) সকাল ১০:০০ টা - বিকাল ৪:৩০ মিনিট		
৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ	০৩ অক্টোবর, ২০১৬, সোমবার		
৬। ভর্তি পরীক্ষা	২২ অক্টোবর, ২০১৬, শনিবার		
মডিউল A	“ক” গ্রুপ এবং “খ” গ্রুপ	গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন	সকাল ৯:০০ টা থেকে দুপুর ১২:০০ টা
মডিউল B	“খ” গ্রুপ	মুক্তহস্ত অংকন	বিকাল ২:০০ টা থেকে বিকাল ৪:০০ টা
৭। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশের সর্বশেষ তারিখ	১২ নভেম্বর, ২০১৬, শনিবার		
৮। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের বিভাগ নির্বাচন			
ক) অনলাইনে বিভাগ নির্বাচনের অপশন পূরণ ও submission শুরু	১৪ নভেম্বর, ২০১৬, সোমবার সকাল ১০:০০ টা		
খ) অনলাইনে বিভাগ নির্বাচনের অপশন পূরণ ও submission শেষ	২০ নভেম্বর, ২০১৬, রবিবার বিকাল ৪:৩০ মিনিট		
গ) অনলাইনে পূরণকৃত অপশন ফরমের হার্ডকপি স্বাক্ষরসহ রেজিস্ট্রার অফিসে জমা	১৪ নভেম্বর, ২০১৬, সোমবার হতে ২১ নভেম্বর, ২০১৬, সোমবার পর্যন্ত সকাল ১০:০০ টা - বিকাল ৪:৩০ মিনিট		
ঘ) প্রার্থীদের বিভাগ নির্বাচন তালিকা প্রকাশ	২৮ নভেম্বর, ২০১৬, সোমবার		

বিশেষ দৃষ্টব্য

- শুক্রবার অফিস বন্ধ থাকবে।
- ২৪ সেপ্টেম্বর, ২০১৬, শনিবার, বিকাল ৪:৩০ মিনিটের পর অনলাইনে আবেদনপত্র পূরণ শুরু করা যাবে না এবং বিকাল ৫:৩০ মিনিটে অনলাইনে আবেদনের সার্ভার বন্ধ হয়ে যাবে; এরপর অনলাইনে কোন আবেদনপত্র submit করা যাবে না।
- ২০ নভেম্বর, ২০১৬, রবিবার, বিকাল ৪:৩০ মিনিটের পর অনলাইনে অপশন পূরণ শুরু করা যাবে না এবং বিকাল ৫:৩০ মিনিটে অনলাইনে অপশন পূরণের সার্ভার বন্ধ হয়ে যাবে; এরপর অনলাইনে কোন অপশন submit করা যাবে না।
- নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে বিভাগ নির্বাচনের অপশন পূরণ ও submit না করলে এবং অনলাইনে পূরণকৃত অপশন ফরমের হার্ডকপি স্বাক্ষরসহ রেজিস্ট্রার অফিসে জমা না দিলে সংশ্লিষ্ট প্রার্থীর ভর্তির যোগ্যতা বাতিল বলে গন্য হবে।
- পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে কোন আবেদনকারীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।

৭। ভর্তি হওয়ার নিয়ম

- [ক] ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা এবং প্রার্থীদের বিভাগ নির্বাচন তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইট (www.buet.ac.bd) -এ প্রকাশ করা হবে।
- [খ] নির্বাচিত প্রার্থীদের বিভাগ নির্বাচন তালিকা প্রকাশের পর ভর্তি কমিটিসমূহের সভাপতি কর্তৃক ঘোষিত নির্ধারিত তারিখে নির্বাচিত প্রার্থীদেরকে মূল সনদপত্র যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য উপস্থিত হতে হবে। লিখিত আবেদনের মাধ্যমে গৃহীত পূর্ব অনুমতি ব্যতিরেকে নির্ধারিত তারিখে মূল সনদপত্র যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষায় হাজির না হলে ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে। উল্লেখ্য যে, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মূল সনদপত্র ও গ্রেডশীটসমূহ ভর্তি কমিটিসমূহের সভাপতির অফিসে জমা রাখা হবে।
- [গ] মূল সনদপত্র যাচাইয়ের সময় ভর্তিযোগ্য প্রার্থীদের নিম্নলিখিত দলিলাদি জমা দিতে হবে:
- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল সনদপত্র
 - মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট
 - উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলীম অথবা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট
 - মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার সনদপত্র -এর সত্যায়িত কপি
 - মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল অথবা সমমানের পরীক্ষার গ্রেডশীট-এর সত্যায়িত কপি
 - উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/আলীম অথবা সমমানের পরীক্ষার গ্রেডশীট-এর সত্যায়িত কপি
 - আবেদনকারীর সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের নাম সম্বলিত সত্যায়িত রঙিন ছবি
 - গ্রেডশীট-এর পরিবর্তে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ট্যাবুলেশন শীটের কপিও গ্রহণযোগ্য হবে।
- [ঘ] সংরক্ষিত আসনের জন্য নির্বাচিত ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের তাদের ক্ষুদ্র জাতি গোষ্ঠীত্বের প্রমাণস্বরূপ নিম্নোক্ত দলিলাদি জমা দিতে হবে:
- স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট
 - ক্ষুদ্র জাতি গোষ্ঠীর গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট যা স্থানীয় থানা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হতে হবে।
- [ঙ] দলিলাদির সত্যতা যাচাই এর পর বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি কারও হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি, অন্যান্য সংক্রামক রোগ অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে এবং পেশায় সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পরে অসুবিধা হতে পারে বলে বিশ্ববিদ্যালয়ের প্রধান চিকিৎসক মনে করেন তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে ধরা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি সাত দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। অন্যান্য অস্থায়ী অনুপযুক্ততা যথা, হাইড্রোসিস, হার্নিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃপরীক্ষার জন্য বিবেচিত হতে পারে।
- [চ] স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তি কমিটিসমূহের সভাপতির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়ে ভর্তি হতে হবে।
- [ছ] প্রদত্ত অপশন ও ভর্তি পরীক্ষার মেধাস্থানের ভিত্তিতে প্রাপ্ত বিভাগে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরু করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য

- কোন ছাত্র-ছাত্রী নির্ধারিত সময়ের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন সম্পন্ন না করলে এবং/অথবা বিনা অনুমতিতে ক্লাশ শুরুর ২ (দুই) সপ্তাহের মধ্যে ক্লাশে উপস্থিত না হলে তার ভর্তি বাতিল করা হবে।

- বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে বলে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটিসমূহের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

পরিশিষ্ট-ক

List of ACCEPTABLE Calculators during Admission Test

CANON	F200	F401	F402	F500	F501	F502
	F601	F602	F604	F612	F720	
CASIO	FX82 SUPER	FX82MS				
	FX100MS	FX100 ES	FX100 ES PLUS			
	FX115MS					
	FX570MS	FX570ES	FX570 ES PLUS	FX570W		
	FX911MS	FX911S				
	FX991D	FX991ES	FX991 ES PLUS	FX991H	FX991MS	
	FX992S	FX991EX				
SHARP	EL506L	EL506R	EL506V	EL509G	EL509L	EL509R
	EL509V	EL510R	EL520G	EL520L		
	EL531GH	EL531LH	EL531P	EL531RH	EL531V	EL531VB
	EL531VH	EL546G	EL546L	EL546R	EL546VA	
	EL553	EL556G	EL556L			
TEXAS INSTRUMENTS	BA REAL ESTATE	BA35SOLAR	BAIIPLUS			
	TI 25STAT	TI 30 Challenger	TI 30X	TI 30XA	TI 30X SOLAR	TI-30XIIS
	TI-30XIIB	TI 32 Xplorer PLUS	TI 34	TI 35X	TI 36 SOLAR	TI 36X SOLAR